গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনোহরদী, নরসিংদী
www.unomonohardi@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৬৮৫২.০০০.০২.০০৪.২৩- 80

তারিখ: ০১মাঘ ১৪২৯বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি ২০২৩খ্রি:

# বিজ্ঞপ্তি

বিষয়: জলমহাল (পুকুর) ইজারা বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ (সংশোধিত) এর আলোকে মনোহরদী উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ খাস জলমহালসমূহ ১৪৩০ হতে ১৪৩২ বাংলা সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিসমূহের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। উল্লেখ্য, যদি প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না যায় সে ক্ষেত্রে সরকারি জলমহাল নীতিমালা ২০০৯ ও উক্ত নীতির সংশোধনী অনুযায়ী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি/সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরনে, সংশ্লিষ্ট জলমহালের চার পার্শ্বের নিকটবর্তী অবস্থানের ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি যেমন (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, (গ) যুব মহিলা, (ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা, (ঙ) আনসার ভিডিভি ও গ্রাম পুলিশ সদস্য ও (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তির সমন্বয়ে গঠিত সমিতি আবেদন দাখিল করতে পারবেন।

নিম্নবর্ণিত জলমহালের জন্য আবেদনপত্র দাখিলের নিয়মাবলী সম্বলিত আবেদনপত্র ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইট (www.lams.gov.bd) এ নিবন্ধনপূর্বক আবেদনপত্র আগামী ০৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ বা ২০ জানুয়ারী ২০২৩খ্রি: হতে ২৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ বা ৮ ফেব্রুয়ারী ২০২৩খ্রি: পর্যন্ত অনলাইনে আবেদনপত্র গ্রহণ এবং ০৯ ফেব্রুয়ারী ২০২৩খ্রি: হতে ১৩ ফেব্রুয়ারী ২০২৩খ্রি: (১০ ও ১১ ফেব্রুয়ারী সাপ্তাহিক ছুটি ব্যতীত) পর্যন্ত আবেদনপত্রের হার্ডকপি মুখবন্ধ সীলগালাকৃত খামে জমা গ্রহণ ও ১৪ জানুয়ারী ২০২৩খ্রি: তারিখ সীলগালা আবেদনপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ইজারার জন্য বিজ্ঞাপিত জলমহালের বিবরণ

| ক্র: নং: | জলমহাল/পুকুরের নাম | তফসিল | | | | চলতি বছরের ইজারা মূল্য (গত বছরের ইজারা মূল্যের ৫% সহ) | ০৩ (তিন) বছরে ইজারা মূল্য | সময়কাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | পরিমাণ (একর) | | | | |
| ০১ | ভরাদিয়া পুকুর | ভরাদিয়া | ০১ | ২৭৪/৪২৩ | ০.৭০ | ১৭৬৭৫/- | ৫০৫০০/- | ১৪৩০-১৪৩২ | |
| ০২ | ভরাদিয়া সিংড়া পুকুর | ভরাদিয়া | ০১ | ৪৫৪/৭০৬ | ০.৫৭ | ৭১৭৫/- | ২০৫০০/- | ১৪৩০-১৪৩২ | |
| ০৩ | জামালপুর পুকুর | জামালপুর | ০১ | ৪২৪ | ১.০৪ | ১১২৪৫৫/- | ৩,২১,৩০০/- | ১৪৩০-১৪৩২ | |
| ০৪ | উজানচর মৎস পুকুর | উজানচর | ০১ | ৩২১/৮৯২ | ০.৭৫ | ১৭৫০০/- | ৫০০০০/- | ১৪৩০-১৪৩২ | |
| ০৫ | খিদিরপুর বিল-১ | খিদিরপুর | ০১ | ১৪৫০/৬৭৮০ | ২.০৭ | ২৮০০/- | ৮০০০/- | ১৪৩০-১৪৩২ | |
| ০৬ | খিদিরপুর বিল-২ | খিদিরপুর | ০১ | ১৫১৪/৬৭৭৪ | ০.৭৯ | ২৮০০/- | ৮০০০/- | ১৪৩০-১৪৩২ | |

শর্তাবলী:

০১। মৎস্যজীবী সমবায় সমিতি/সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে।

০২। সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্যকোন সদস্য থাকলে ঐ সমিতি/ব্যক্তি আবেদন করার যোগ্য হবেন না।

০৩। জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী সমবায় সমিতিসমূহ অগ্রাধিকার পাবে।

০৪। আবেদনকারী সমবায় সমিতি যে বর্তমানে কার্যকর আছে, সে বিষয়ে জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়নপত্র ও বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

০৫। সমিতির ঠিকানা ও সকল সদস্যদের নামের তালিকা ও ঠিকানা নির্ধারিত ফরমে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। আবেদনের সাথে সমিতির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, জলমহালে উৎপাদন/মৎস্য চাষ বিষয়ে প্রতি বছরের পরিকল্পনা ও রূপরেখা সংযুক্ত করতে হবে।

০৭। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত সংগঠন/সমিতি ১ম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ দিনের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

০৮। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরূপ করা হলে ইজারা/বন্দোবস্ত বাতিল করা হবে।

০৯। প্রত্যেকটি জলমহালের জন্য আলাদা আলাদা আবেদনপত্র দাখিল করতে হবে।

১০। ১ম বছরের সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য আবেদনকারী নির্ধারিত ফরমে ১৫০/- টাকা মূল্যমানের নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় ০৩ কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

১১। আবেদনকারী সমিতি/সংগঠনকে যাচাই বাছাই কালে কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে ইজারা মূল্য খেলাপি হয়ে থাকলে বা কোন আদালতে মামলা/সার্টিফিকেট মামলা চলমান থাকলে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১২। জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট্রে/প্রে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে এবং ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর চালানের মাধ্যমে জমা দিতে হবে। কোন অবস্থাতেই জলমহাল সাব-লীজ দেয়া যাবে না। সাব-লীজ প্রদান করা হলে ইজারা বাতিলসহ জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৩। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনা সংক্রান্ত সকল সরকারি আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি; সেই সকল আদেশ/আইনের শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। ভবিষ্যতে সরকার প্রদত্ত সকল আদেশ/নির্দেশ এবং বিধি বিধান আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন ।

১৪। কোন সমিতি ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা নিতে পারবে না ।

১৫। এছাড়াও জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ (সর্বশেষ সংশোধনীসহ) অনুযায়ী সকল শর্ত প্রযোজ্য হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষেত্রে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মো: রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সরকারি জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মনোহরদী, নরসিংদী

নম্বর: ০৫.৩০.৬৮৫২.০০০.০২.০০৪.২৩-

তারিখ: ০১ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি ২০২৩খ্রি:

জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। মাননীয় শিল্পমন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার(সদয় অবগতির জন্য);
০২। জেলা প্রশাসক, নরসিংদী (সদয় অবগতির জন্য);
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নরসিংদী (সদয় অবগতির জন্য);
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরদী, নরসিংদী;
০৫। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী,নরসিংদী;
০৬। উপজেলা কৃষি অফিসার, মনোহরদী, নরসিংদী;
০৭। উপজেলা সমাজসেবা অফিসার, মনোহরদী, নরসিংদী;
০৮। উপজেলা মৎস্য অফিসার, মনোহরদী, নরসিংদী;
০৯। উপজেলা যুব উন্নয়ন অফিসার, মনোহরদী, নরসিংদী;
১০। অফিসার ইনচার্জ, মনোহরদী, নরসিংদী;
১১। চেয়ারম্যান,............................................ ইউনিয়ন পরিষদ, মনোহরদী, নরসিংদী;
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...................... ইউনিয়ন ভূমি অফিস, মনোহরদী, নরসিংদীকে (হাট-বাজারে মাইক/ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের নির্দেশ দেয়া হলো);
১৩। সভাপতি/সম্পাদক....................................................... মৎস্যজীবী সমবায় সমিতি, মনোহরদী, নরসিংদী এবং
১৪। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সরকারি জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মনোহরদী, নরসিংদী